আলমডাঙ্গায় পৃথক স্থানে অভিযান; মোটরসাইকেল চালকে জরিমানা

আলমডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের বন্ডবিল এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করে ১৫ হাজার ৫শ টাকা জরিমানা আদায় করেছেন।

গতকাল বুধবার উপজেলা নির্বাহী অফিসার ¯স্নিগ্ধা দাস ও উপজেলা সহকারি কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ এ ভ্রাম্যমান আদালত পরিচালনা করে।

জানাগেছে, বর্তমানে সড়কে প্রাণহানিকর যত ঘটনা ঘটছে তার বেশির ভাগই মোটরসাকেল দূর্ঘটনায়। হেলমেট ছাড়া, ড্রাইভিং লাইসেন্স না থাকা সত্ত্বেও মানুষ বেপরোয়াভাবে গাড়ি চালাচ্ছে।

গতকাল বুধবার উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সহকারি কমিশনার ভূমি আলমডাঙ্গা চুয়াডাঙ্গা সড়কের বন্ডবিল এলাকায় যৌথ ভ্রাম্যমান আদালত পরিচালনা করে। সড়ক পরিবহন আইন, ২০১৮ অনুযায়ী হেলমেটবিহীন গাড়ি চালানো এবং ড্রাইভিং লাইসেন্স না থাকায় ১২টি মামলায় ১৫ হাজার ৫শ টাকা জরিমানা আদায় করেন।

দামুড়হুদার তারিনিপুরের হারুন ১কেজি গাঁজা সহ গ্রেফতার

দামুড়হুদার তারিনিপুরের হারুণ আলী(২৯) কে ১কেজি গাঁজা সহ গ্রেফতার করেছে পুলিশ। আজ বুধবার রাত আনুমানিক ৮টার দিকে তারিনিপুর ঈদগাপাড়া থেকে তাকে গ্রেফতার করে পুলিশ। এসময় তার কাছ থেকে ১কেজি গাঁজা উদ্ধার করে পুলিশ।

থানা সূত্রে জানাগেছে, দামুড়হুদা মডেল থানার এসআই (নিঃ) মনজুরুল ইসলাম, এএসআই (নি:) বিপ্লব দাস সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী

বিশেষ অভিযান পরিচালনা কালে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা মডেল থানাধীন তারিনীপুর ঈদগাঁ পাড়া সাকিনাস্ত আসামীর বসতভিটায় অভিযান চালায়। এসময় তারিনীপুর গ্রামের বরকত আলীর ছেলে হারুন আলী কে ১কেজি গাঁজা সহ গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা প্রক্রিয়াধীন বলেও জানাগেছে।

জীবননগরে বৃক্ষ রোপন কমসূচির উদ্বোধন করলেন জেলা প্রশাসক

জীবননগরে বৃক্ষ রোপন কমসূচির উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার বিকাল ৩টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজেনে এ বৃক্ষ রোপন কমসূচি অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকনুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে জীবননগর পৌর শহরের নয়ন জলির ধারে বৃক্ষ রোপনের মধ্যে এ কমসূচির উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান, সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র প্রমুখ।

জীবননগর আন্দুলবাড়ীয়া ইউপি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

তাদের খোজ খবর নেন। গণসংযোগকালে কেন্দ্রীয় যুবলীগের সাবেক নেতা জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান বীরমুক্তিযোদ্ধা শেখ সামসুল আবেদীন খোকন বলেছেন, আওয়ামীলীগ ক্ষমতায় আসার পর দেশের উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা নিরল সভাবে কাজ করে যাচ্ছেন।

দেশের এই উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আবারও আওয়ামীলীগকে ক্ষমতায় আনতে হবে। এরজন্য কোন ভেদাভেদ না রেখে দলের প্রত্যেক নেতাকর্মিকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। আমি আপনাদের এলাকার সন্তান। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে নৌকার মনোনয়ন প্রত্যাশি হিসেবে সবার কাছে অনুরোধ জানিয়ে গেলাম আওয়ামীলীগকে ক্ষমতায় আনতে আবারও নৌকায় ভোট দিয়ে দেশের উন্নয়নে অংশ নিন।

তিনি হাউসপুর, বকসিপুর, মাধবপুর, মাজু, অভয়নগর, ছত্রপাড়া, ভোদুয়া, জামজামি বাজার, ঘোষবিলা, মধুপুর, পাঁচলিয়া, ডাউকি, বাদেমাজু গ্রামে গণসংযোগ করেন।

চট্রগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক ভিপি বিশিষ্ট মুক্তিযোদ্ধা শেখ সামসুল আবেদীন খোকন আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নৌকাকে বিজয়ী করতে সকলের প্রতি অনুরোধ করেন।

এ সময় উপস্থিত ছিলেন জেলা কৃষকলীগের যুগ্ম সাধারন সম্পাদক আব্দুল্লাহ আল হোসাইন দিপক, আলমডাঙ্গা পৌরসভার ৮ নং ওয়ার্ড কাউন্সিলর আশরাফুল হোসেন বাবু, গার্মেন্টস মালিক সমিতির যুগ্ম সাধারন সম্পাদক হাবিবুর রহমান রুবেল হোসেন, সাবেক ছাত্রলীগ নেতা কাজী চন্দন, ডাউকি ইউনিয়ন যুবলীগের সভাপতি রাজু, জামজামি ইউনিয়ন যুবলীগের যুগ্ম আহবায়ক মারফুল হক লাল, যুবলীগ নেতা আশা, সিদ্দিক, এমএস বাসার রিভেন, মীর তৌফিক, শেখ রুবেল, শেখ রবিন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ নেতা নিপ্পন, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগের নেতা সাহারিয়ার তপু, সাকিব, সাব্বিরুজ্জামান, আশিক, তামিম, আরিয়ান সাকিব, সজিব, নাফিজ, মামুন, টগর, রাসেল প্রমুখ।

চুয়াডাঙ্গায় গাড়াবাড়ীয়া ৮ স্টার সুপার লীগ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সদর উপজেলার মাখালডাঙ্গা ইউনিয়নের গাড়াবাড়ীয়া ৮ স্টার সুপার লীগ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকেল ৪ টায় গাড়াবাড়ীয়া বাগানপাড়ায় এর আয়োজন করে মাখালডাঙ্গা ইউনিয়ন আওয়ামী যুবলীগ।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে যুবলীগ নেতা জাকির হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের আহ্বায়ক ও জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ‘যুবকরাই হলো দেশের প্রাণশক্তি। যুবকদের বিভিন্ন সামাজিক অপরাধ থেকে দূরে রাখতে এবং সুস্থ ক্রীড়াচর্চা প্রসারে বিভিন্ন টুর্নামেন্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সফল রাষ্ট্রনায়ক দেশরত্ন প্রধানমন্ত্রী শেখ হাসিনার আওয়ামী লীগ ক্ষমতা গ্রহণের পর থেকেই খেলাধুলার প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করে। যার ফলে ক্রিকেট—ফুটবলসহ সকল খেলায় অভূতপূর্ব উন্নতি হয়েছে এবং হচ্ছে।’ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, জেলা যুবলীগের সদস্য সাজেদুল ইসলাম লাভলু,মাখালডাঙ্গা ইউনিয়নের ৯ নং ওয়ার্ড মেম্বার জিল্লুর রহমান জিল্লু।

এসময় উপস্থিত ছিলেন— যুবলীগ নেতা মাসুদুর রহমান মাসুম, ছাত্রলীগের সাবেক নেতা রামীম হোসেন সৈকত, পৌর ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি সামিউল শেখ সুইট, দিপু বিশ্বাস, চুয়াডাঙ্গা পৌরসভার ৫ নং ওয়ার্ড যুবলীগের সভাপতি আলিম, সাধারণ সম্পাদক মিঠুন,জুয়েল, আরো উপস্থিত ছিলেন সুমন, লিফটন, সজল, আনোয়ার, ইমরা, মিলন, কবীর, সজিব, নাজমুল, সম্রাট, রাজন, সমগ্র অনুষ্ঠানটির পরিচালনায় ছিলেন আলমগীর হোসেন, সোহাগ হোসেন, সজিব, রাজন, জেমস, রাজা, রতন,রবিন, আব্দুল্লাহ, আনারুল, বিপ্লব, শফিক আশেক, মিল্টন প্রমুখ।

কার্পাসডাঙ্গায় বাস-মিনিবাস

কোচ মাইক্রোবাস সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন নির্বাচন সম্পন্ন

জানা গেছে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা শাখা বাস মিনিবাস কোচ মাইক্রোবাস সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়নের ত্রিবার্ষিক নির্বাচনে রেজিষ্ট্রেশন নং (৫৯৫/৮২) আজ মঙ্গলবার দুপুর ১ টার সময় কার্পাসডাঙ্গা শাখা অফিসে নির্বাচন কমিশনার হাজী মো: রিপন মন্ডল কোনো প্রার্থীর প্রতিদ্বন্দ্বী না থাকায় নির্বাচন ফলাফল ঘোষণা করেন।

সভাপতি মো: জাকির হোসেন, সাধারণ সম্পাদক মো: তাজ মুলতান, সহ-সভাপতি পদে মো: জহিরুল ইসলাম, যুগ্ন সাধারণ সম্পাদক আরিফুর রহমান, সাংগঠনিক সম্পাদক মামুন অর রশীদ, সড়ক সম্পাদক মো: মনিরুল ইসলাম, প্রচার সম্পাদক মো: হিরক, কোষাধ্যক্ষ মো: আব্দুল করিম কার্যকরী সদস্য (০১) মো: আনোয়ার হোসেন (০২) মিজানুর রহমান
(০৩) মো: শুকুর আলী।

এসময় আরো উপস্থিত ছিলেন সহকারী নির্বাচন কমিশনার মো: শামসুল আলম, মো: সিদ্দিকুর রহমান, মো: মোখলেসুর রহমান (রিপন) সহ অফিস সচিব মো বাদল এবং সাবেক সম্পাদক মো আব্দুর রহিম (খাবলী) সহ আরো শ্রমিক সংগঠনের সদস্যবৃন্দ।

প্রত্যেক বিজয়ী সদস্য দল মত নির্বিশেষে সকলের কাছে সুষ্ঠুভাবে আগামী দিনগুলোর পরিচালনা করার জন্য সকলের কাছে দোয়া চেয়েছেন।

আলমডাঙ্গায় দুই মোটরসাইকেল

সংঘর্ষে আহত- ৩

আলমডাঙ্গার বিনেতপুর দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে ৩ যুবক গুরুতর আহত হয়েছেন। আজ মঙ্গলবার রাত সাড়ে ৮ টার দিকে আলমডাঙ্গা- জামজামি সড়কের বিনেতপুর মাঠের নিকট সড়কে এ দুর্ঘটনা ঘটে।

আহতরা হলেন- জামজামি ইউনিয়নের ভদুয়া গ্রামের হান্নানের ছেলে রুবাই (২৬), জামজামি গ্রামের জাহাঙ্গীর আলমের ছেলে সালাম (২৫),ইবি থানার রসুনপুর গ্রামের রজব আলীর ছেলে তুহিন (২৭)।

প্রত্যক্ষদর্শীরা জানায়, মঙ্গলবার রাত সাড়ে ৮টার দিকে মোটরসাইকেল যোগে খালাতো ভাই রসুনপুর গ্রামের তুহিনকে সাথে নিয়ে বাড়ি ফিরছিলো। এ সময় বিপরীত দিক থেকে আসা ভদুয়া গ্রামের দু’যুবক মোটরসাইকেল যোগে বিনেতপুর মাঠে পৌঁছালে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে দুই মোটরসাইকেলের ৫ জনই আহত হলেও ৩ জনের অবস্থা আশঙ্কা জনক হওয়ায় স্থানীয়রা তাদের উদ্ধার করে একটি প্রাইভেট হাসপাতালে ভর্তি করেন।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান আটক-২

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান পরিচালনা করা হয়েছে। আজ মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেন এর নেতৃত্বে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয় হতে চুয়াডাঙ্গা সদর থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করা হয়।

এসয় চুয়াডাঙ্গা সদর থানা এলাকা দৌলতদিয়ার চুনুরিপাড়া হতে আসামি মো:রফিক (৪৫) পিতা- মৃত ফজলুল হক কে চুয়াডাঙ্গা সদর থানাধীন

দৌলতদিয়ার টিটু মিয়ার চায়ের দোকানের সামনে হইতে ০২ এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশন সহ গ্রেপ্তার করা হয় উক্ত গ্রেফতারকৃত আসামীকে চুয়াডাঙ্গা সদর উপজেলা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ০১ বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

জীবননগরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অনুর্ধ্ব ১৭ গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

জীবননগরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ড কাপ নকআউট ফুটবল টুর্নামেন্ট অনুর্ধ্ব ১৭এর উদ্বোধন করা হয়েছে।

গতকাল সেমাবার বিকাল সাড়ে ৩টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে এ খেলার উদ্বোধন করা হয়।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার মোঃ রোকনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম, জীবননগর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জাদ মিজা, হাসাদহ ইউপি চেয়ারম্যান রবি বিশ্বাস, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান প্রমুখ।